

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কারা অধিদপ্তর

৩০/৩, উমেশ দত্ত রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

www.prison.gov.bd



পত্র সংখ্যা-৫৮.০৪.০০০০.০২১.০৪.০১৯.২২-১৩৭৪

তারিখঃ ০৫ চৈত্র ১৪২৯
২২ মার্চ ২০২৩

বিষয় : ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, ২০২৩ উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচী পালনের সিদ্ধান্ত বাস্তবায়ন।

সূত্র : ক। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নম্বর-৪৮.০০.০০০০.০০১.২৩.০০১.২০২৩-০৫ তারিখঃ ০১-৩-২০২৩
খ। সুরক্ষা সেবা বিভাগের স্মারক নং-৫৮.০০.০০০০.০১৪.১৬.০০৭.২০২১-১৫ তারিখঃ ১৪-৩-২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকদ্বয়ের প্রেক্ষিতে ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৩ উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচী মোতাবেক কারা অধিদপ্তরের জন্য নিম্নরূপ কর্মসূচীর সিদ্ধান্ত গৃহীত হয়


১। ২৫ মার্চ উদযাপিত কর্মসূচীঃ

- ২৫ মার্চের রাতে নিহতদের স্মরণে বাদ এশা সকল কারা জামে মসজিদে বিশেষ দোয়া ও মোনাজাত এর ব্যবস্থা করা এবং অন্যান্য ধর্মাবলম্বীদের জন্য সুবিধাজনক সময়ে মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপসানলয়ে প্রার্থনার আয়োজন করা;
- ২৫ মার্চ গণহত্যা দিবস উপলক্ষ্যে সুবিধাজনক সময়ে আলোচনার সভার আয়োজন করা;
- গণহত্যা দিবস পালন উপলক্ষ্যে ২৫-০৩-২০২৩ তারিখ রাত ১০.৩০ থেকে ১০.৩১ মিনিট পর্যন্ত সকল অফিসে প্রতীকি ব্ল্যাক-আউট ০১(এক) মিনিটের জন্য কর্মসূচি পালন (কারাগারসমূহ ব্যতীত) ;
- ২৫ মার্চ রাতে কোন অফিস এবং কারাগারে আলোকসজ্জা না করা।

২। ২৬ মার্চ উদযাপিত কর্মসূচীঃ

- ২৬ মার্চ সূর্যোদয়ের সাথে সাথে সকল অফিস এবং কারাগারসমূহে সঠিক মাপ এবং রং এর মানসম্মত জাতীয় পতাকা উত্তোলন ;
- ২৬ মার্চ সকল কারাগারে কারা বন্দিদের মাঝে উন্নতমানের খাবার পরিবেশন করা ;
- ২৬ মার্চ ব্যানার প্রদর্শন (অধিদপ্তর কর্তৃক প্রেরিত নমুনা অনুযায়ী);
- জাতির শান্তি, সমৃদ্ধি দেশের উন্নয়ন ও অগ্রগতি কামনা করে কারা মসজিদে (বাদ এশা) বিশেষ দোয়া ও মোনাজাত এর ব্যবস্থা করা, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপসানলয়ে (সুবিধাজনক সময়ে) মোনাজাত/প্রার্থনার আয়োজন করা;
- সকল অফিস ও কারাগারসমূহে আলোকসজ্জা করা;
- সংশ্লিষ্ট জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে জাতীয় কর্মসূচী বাস্তবায়ন করা।

গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের লক্ষ্যে অধিনস্থ কারাগারসমূহকে নির্দেশনা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

 ২২/৩/২৩

শেখ সুজাউর রহমান

কর্নেল

অতিরিক্ত কারা মহাপরিদর্শক

পক্ষে-কারা মহাপরিদর্শক

addI.ig.@prison.gov.bd

১। কারা উপ মহাপরিদর্শক

সকল বিভাগ


সকল সদর দপ্তর

২। সিনিয়র জেল সুপার/জেল সুপার

সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

সদয় জ্ঞাতার্থে বিতরণঃ

- ১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
- ৩। সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
- ৪। পরিচালক , কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৫। প্রশাসনিক কর্মকর্তা-১,২/ বাজেট অফিসার/স্টাফ অফিসার/ ডেপুটি জেলার (প্রশাসন/উন্নয়ন)/পরিসংখ্যানবিদ, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। কারা অধিদপ্তরের নিজস্ব ওয়েবসাইটে আপলোডসহ ব্যানারের নমুনা সকল বিভাগীয় দপ্তর ও কারাগারসমূহে সরবরাহ করার জন্য বলা হলো।
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট/কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৮। শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৯। ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। কারা মহাপরিদর্শক, অতিরিক্ত কারা মহাপরিদর্শক ও কারা উপ-মহাপরিদর্শক (সঃ দঃ) মহোদয়ের সদয় অবগতির জন্য
- ১০। সার্কুলার ফাইল/প্রেষণ ফাইল।



(মোঃ মাইন উদ্দিন ভূঁইয়া)

বিজে-০১৮৫১২০০৫৪১

সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন)

পক্ষে কারা মহাপরিদর্শক।

ফোনঃ ৫৭৩০০৪৬৬ (দপ্তর)।

aig.adm@prison.gov.bd